# উপজেলা পরিষদ
# হরিপুর, ঠাকুরগাঁও

স্মারক নং ঃ ০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০০৩.২২-১৫৩(৪০)

তারিখ ঃ ১৩-০৩-২০২২ খ্রিঃ।

**বিষয়: উপজেলা পরিষদের মাসিক সভা আহ্বান।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ২১ মার্চ'২০২২ তারিখ বৃহস্পতিবার সকাল ১১.৩০টায় উপজেলা পরিষদের মাসিক সভা চেয়ারম্যান, উপজেলা পরিষদের সভাপতিত্বে উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত তারিখে নির্ধারিত সময়ে সম্মানিত সদস্যগণকে সভার কার্যপত্রসহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা পরিষদ মাসিক সভার কার্যপত্র/কর্মপত্র প্রেরণের ছক

**দপ্তর/বিভাগের নাম........................**

**মাসের .......................................**

| ক্র. নং | কমিটির নাম | সুপারিশের বিষয় | তথ্য/উপাত্ত | প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস | বিকল্প প্রস্তাব | প্রভাব | ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

**আলোচ্য সূচিঃ**

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।
৩। কমিটি সমূহের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪। নতুন আইন, বিধি, সার্কুলার ও প্রজ্ঞাপন অবহিত করণ।
৫। মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা উপজেলা পরিষদের উপদেশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৬। পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা।
৭। বিবিধ।

১৩/০৩/২২

মোঃ আব্দুল করিম
উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও।

প্রাপক
..............................................................
..............................................................
হরিপুর, ঠাকুরগাঁও।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল-

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২।
০২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৫। অফিস কপি।

অর্থ বছর - ২০২১-২২

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ 06/01/2022 | স্বাক্ষর ও তারিখ 10/02/2022 | ২১/০৩/২০২২ | স্বাক্ষর ও তারিখ ২০/০৪/২০২২ | স্বাক্ষর ও তারিখ ২২/০৫/২০২২ | ৯/৬/২২ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | মাননীয় জাতীয় সংসদ সদস্য ঠাকুরগাঁও-২ | | | [signature] 21/03/2022 | [signature] 20/04/2022 | | |
| ০২ | চেয়ারম্যান উপজেলা পরিষদ | [signature] | | [signature] | [signature] | [signature] | |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার হরিপুর, ঠাকুরগাঁও | | | [signature] | | | |
| ০৪ | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ হরিপুর, ঠাকুরগাঁও | [signature] 03/01/2022 | [signature] 10/02/2022 | [signature] | [signature] | [signature] | [signature] 09/06/22 |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | [signature] 03-01-2022 | [signature] | [signature] | [signature] | [signature] 12-05-22 | [signature] 09-06-22 |
| ০৬ | চেয়ারম্যান ১ নং গেদুড়া ইউপি | [signature] 06/1/22 | [signature] | [signature] | [signature] 20/4/22 | [signature] 22/5/22 | [signature] |
| ০৭ | চেয়ারম্যান ২ নং আমগাঁও ইউপি | [signature] 06/1/2022 | | [signature] | [signature] 21/4/22 | | |
| ০৮ | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি | [signature] ৩/১/২২ | [signature] | [signature] ২১/৩/22 | [signature] ২০/৪/22 | [signature] | |
| ০৯ | চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি | [signature] 06/01/22 | [signature] 10/02/22 | [signature] 21/03/22 | [signature] 20/04/22 | [signature] | [signature] |
| ১০ | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি | [signature] 06/01/22 | [signature] 10/2/22 | [signature] 21/3/22 | [signature] 20/4/22 | [signature] | [signature] |
| | চেয়ারম্যান ৬ নং ভাতুরিয়া ইউপি | [signature] 06/01/2022 | [signature] 10/02/2022 | [signature] 21/3/2022 | [signature] 20/4/2022 | [signature] 22/5/2022 | [signature] |

# অর্থ বছর-২০২১-২২

| ক্র. নং | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ 06/01/2022 | স্বাক্ষর ও তারিখ 20/02/2022 | স্বাক্ষর ও তারিখ 23/03/22 | 20/4/22 | স্বাক্ষর ও তারিখ 22/05/2022 | 9/6/22 |
|---|---|---|---|---|---|---|---|
| ১২ | উপজেলা কৃষি অফিসার হরিপুর, ঠাকুরগাঁও | 03.01.22 | 10.02.2022 | 21.03.2022 | 20.04.2022 | 12.05.2022 | 09.06.22 |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা হরিপুর, ঠাকুরগাঁও | | | | | 12.05.22 | |
| ১৪ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা হরিপুর, ঠাকুরগাঁও | subarna 06/01/2022 | 10/2/22 | 23/3/22 | subarna | subarna 22/05/2022 | |
| ১৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা | | | | | | |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও | | | | 20.04.22 | | |
| ১৭ | উপজেলা প্রকৌশলী দপ্তর | 06/01/2022 | | 23/03/2022 | 20/04/2022 | | |
| ১৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | 06/01/2022 | | 23/03/22 | 20/04/2022 | | |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | | | 2022 | 20/4/2022 | | 2022 |
| ২০ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর | | | | | | 9/6/22 |

অর্থ বছর - ২০২১-২২

| ক্র. নং | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ ০৬/০১/২০২২ | স্বাক্ষর ও তারিখ ১০/০২/২০২২ | ২২/০৩/২০২২ | ২০/০৪/২০২২ | স্বাক্ষর ও তারিখ ২২/০৫/২০২২ | ৩/৬/২২ |
|---|---|---|---|---|---|---|---|
| ২১ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | [signature] 23.01.22 | [signature] 10.02.22 | [signature] 21.03.22 | [signature] 20.04.22 | | |
| ২২ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | [signature] 06/01/2022 | [signature] 10/02/2022 | [signature] 22/03/22 | [signature] 20/04/2022 | [signature] 22/05/2022 | [signature] 03/06/2022 |
| ২৩ | মো: মফিজুর রহমান ... উপজেলা যুব উন্নয়ন দপ্তর 01718-006177 | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ২৪ | উপজেলা সমবায় দপ্তর | [signature] 06/01/22 | [signature] 10/02/22 | [signature] 22/03/22 | [signature] 20/04/22 | [signature] 22/05/2022 | [signature] 03/06/22 |
| ২৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | [signature] | | | [signature] | [signature] | [signature] |
| ২৬ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ২৭ | উপজেলা আনসার ও ভিডিপি | [signature] 06/01/2022 | [signature] 10/02/22 | | [signature] 20/04/22 | [signature] 22/05/2022 | [signature] 03/06/22 |
| ২৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | [signature] 06.01.2022 | [signature] 10.02.2022 | [signature] 22.03.2022 | [signature] 20.04.2022 | [signature] | [signature] 03.06.22 |
| ২৯ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | [signature] 06.01.22 | [signature] | [signature] | [signature] | [signature] 22.05.22 | [signature] 3/6/22 |
| ৩০ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | [signature] 6/1/22 | [signature] 10.02.2022 | [signature] 22/03/22 | [signature] 20.04.22 | [signature] 22/05/22 | [signature] 3/6/22 |

অর্থ বছর- ২০২১-২২

| ক্র.নং | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ 06/01/2022 | স্বাক্ষর ও তারিখ 20/02/2022 | 24/06/2022 | 20/08/2022 | স্বাক্ষর ও তারিখ 24/05/2022 | 7/6/22 |
|---|---|---|---|---|---|---|---|
| ৬১ | উপজেলা সাটেলমান্ট | | | | [signature] | | |
| ৬২ | উপজেলা বন বিভাগ | | | | | | |
| ৬৩ | উপজেলা বরেন্দ্র বিভাগ বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | [signature] | [signature] 20/02/22 | | [signature] | [signature] | [signature] 07/06/22 |
| ৬৪ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন | [signature] 06/04/2022 | [signature] | [signature] 24/6/22 | [signature] 20/8/22 | [signature] 24/5/22 | [signature] 07/06/2022ইং |
| ৬৫ | উপজেলা তথ্য আপা | [signature] 06/01/2022 | [signature] 20/02/2022ইং | [signature] 24/06/2022 | [signature] 20/08/2022ইং | [signature] 24/05/2022ইং | |
| ৬৬ | উপজেলা পরিষদ সংরক্ষিত মহিলা | | | | | | |
| ৬৭ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসার | | | | | | |
| ৬৮ | ইউ ডি গ্রুপ উদ্যোক্তাগণ | [signature] | [signature] | | | | |
| | | | | | | | |

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা পরিষদ কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও

বিষয় ঃ মার্চ-২০২২ মাসে অনুষ্ঠিত "উপজেলা পরিষদ" সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।

তারিখ ঃ ২১ মার্চ-২০২২খ্রিঃ।
সময় ঃ বেলা ১১-০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ''ক" এবং অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা 'খ' তে দ্রষ্টব্য।

সভাপতি সভার শুরুতে জনাব আলহাজ্ব মোঃ দবিরুল ইসলাম, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২ মহোদয়সহ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচনার শুরুতেই মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২ মহোদয় গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। তিনি মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে আরও বলেন, ১৯৭১ সালের এই দিনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহবানে সাড়া দিয়ে তাঁর নেতৃত্বে জাতি ঐক্যবদ্ধভাবে মহান স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। কষ্টার্জিত এ স্বাধীনতা যেন ম্লান না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকতে হবে, যার যার অবস্থান থেকে কাজ করতে হবে। সভায় সকল শহিদদের আত্মার প্রতি গভীর শ্রদ্ধা ও রুহের মাগফেরাত কামনা করেন। অতঃপর সভাপতি মহোদয় সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করা হলে উহাতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

০২। *বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্তঃ*

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, হরিপুর উপজেলায় সার পর্যাপ্ত মজুদ আছে। মাঠ পর্যায়ে কৃষি প্রনোদনা শতভাগ বাস্তবায়ন হয়েছে। কৃষি ফসলের মাঠের অবস্থা ভাল আছে। আউস প্রনোদনা দেবার জন্য সরকার উদ্দোগ নিয়েছে। সারের প্রাপ্তি মজুদ আছে।সারের বেশী দাম নেয়া রোধে মনিটরিং জোরদার আছে। মাঠের সার্বিক অবস্থা সন্তোষজনক। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মাঠের ফসল রক্ষার জন্য কৃষকের মাঝে সচেতনতা বৃদ্ধিসহ মনিটরিং ব্যবস্থা অধিকতর জোরদার করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর। |
| উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান, করোনা ভাইরাসের প্রাদুর্ভার্ব মোকাবেলায় স্বাস্থ্য কমপ্লেক্সে সার্বোক্ষনিক কোভিড-১৯ চিকিৎসক টীম প্রস্তুত রয়েছে। স্বাস্থ্য কমপ্লেক্সে ইতোমধ্যে ৮ জন নতুন চিকিৎসক পদায়ন করেছেন। তিনি জানান ২৮ মার্চ থেকে ৩০ মার্চ ২য় ডোজ টিকা (গণটিকা) কার্যক্রম চলমান রয়েছে। সকলের সহযোগীতা কামনা করে তিনি আরও জানান যে, তার দপ্তরে পরিচ্ছন্নকর্মীর সংকট রয়েছে। এছাড়াও সার্বক্ষনিক বিদ্যুতের চাহিদা পুরণে ০৩ টি আইপিএস প্রদানের জন্য অনুরোধ জানান। | করোনা ভাইরাসের প্রাদুর্ভার্ব মোকাবেলায় স্বাস্থ্য কমপ্লেক্স ও গণটিকা কেন্দ্রে কোভিড-১৯ টিকা কার্যক্রম জোড়দার করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, হরিপুর। |
| উপজেলা প্রাণি সম্পদ দপ্তর | সদ্য যোগদানকৃত উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) জানান, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গবাদি পশু ও হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান, টিকাদান কর্মসূচি, খামারীদের প্রশিক্ষন প্রদান, বিভিন্ন নতুন নতুন প্রযুক্তি ও উপকরণ খামারীদের মাঝে বিতরন সহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। অত্র উপজেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জীবন মান উন্নয়নে প্রানীসম্পদ দপ্তর বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছেন। স্বাধীনতার সুবর্নজয়ন্তী উপলক্ষে আয়োজিত মেলা ও মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে উপজেলা প্রশাসন ও মন্ত্রণালয় এর নির্দেশনা অনুযায়ী বিভিন্ন কার্যক্রমে অংশ গ্রহণের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হরিপুর। |
| উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর। |
| উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, অত্র দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, হরিপুর। |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) আওতায় প্রতি কিস্তি ২৩,৫০,০০০/- টাকার ৩য় কিস্তি পর্যন্ত বরাদ্দ পাওয়া গেছে। উক্ত কর্মসূচির আওতায় দ্রুত প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। | চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) আওতায় প্রস্তাবিত প্রকল্প সমূহ বাস্তবায়নের দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩। উপজেলা প্রকৌশলী হরিপুর |
| উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ৫০ তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসার ক্রীড়া অনুষ্ঠানের ব্যয় নির্বাহের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকার প্রয়োজন। তাঁর বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হরিপুর। |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় স্যানিটাইজিং কার্যক্রম চলমান রয়েছে। | করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় গণসচেতনতামূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহঃ প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, হরিপুর। |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, ইডিপি এ জন্য ডিজিটাল সংযোগ স্থাপনের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের কাছ থেকে কিছু তথ্য চাওয়া হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রোগ্রামার, হরিপুর |
| উপজেলা সমাজ সেবা দপ্তর | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর অফিসের উন্নত ও টেকসই কোন স্ট্রাকচার নেই। যা জরুরী ভিত্তিতে অবকাঠামোগত উন্নয়ন দরকার। তিনি জানান তার অফিসে ১ জন সহকারী সমাজসেবা অফিসার ও ১ জন সমাজকর্মী পদ খালি আছে যা জরুরী ভিত্তিতে নিয়োগ দরকার। তিনি আরও জানান, অফিসে কোন পানি সাপ্লাই ট্যাংক নেই তাই জরুরী ভিত্তিতে একটি বাথরুম ও পানির ট্যাংকসহ পানি সরবরাহ ব্যবস্থা করা দরকার। অত্রাফিসের আওতায় বিভিন্ন স্তরের ভাতাভোগীদের ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হরিপুর। |
| উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বর্তমানে ৬০ জন যুব ও যুব মহিলার মাঝে গরু মোটাজাতকরণ প্রশিক্ষন ও ভাতা প্রদান করা হয়েছে। তিনি আরও জানান ইতোমধ্যে ১৯ জন সদস্যের মধ্যে ৭,৮০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়েছে। এছাড়া, দাপ্তরিক কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| উপজেলা খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(ভাঃ) কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হরিপুর। |
| উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হরিপুর। |
| উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ফেব্রুয়ারি/২০২১ মাসের সাধারণ সভার রেজুলেশন মূলে ১০ (দশ) শতাংশ জমি প্রাপ্ত হয়। পরবর্তীতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের স্মারক নং- ৪৪.০০০০.১১৫.১১০০১.২০-৪৬, তারিখ-১৬/০৫/২০২১ ইং মূলে ১৫ (পনের)শতাংশ জমি বরাদ্দ করণের নিমিত্তে পত্র প্রেরন করেন। অবশিষ্ট ০৫ (পাঁচ) শতাংশ জমি বরাদ্দের জন্য সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষন করছি। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হরিপুর |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ইতোমধ্যে ৪০(চল্লিশ) দিনের কর্মসূচির ১ম পর্যায়ের ০৫ দিনের বিল উপকারভোগীদের স্ব-স্ব মোবাইল একাউন্টে একাউন্ট সংক্রান্ত জটিলতার দরুণ বিল প্রতিস্থাপিত হয়নি। এ বিষয়ে সকল ইউ.পি চেয়ারম্যান ও সকল ট্যাগ অফিসার মহোদয়গণকে বাউন্সিং একাউন্ট তালিকা প্রস্তুতপূর্বক উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয় বরাবর আবেদন জমা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর। |

| | | | |
|---|---|---|---|
| | তিনি আরও জানান আগামী ২৩/০৩/২০২২ ইং তারিখে বীর মুক্তিযোদ্ধাদের জন্য বাসগৃহ নির্মাণ (বীর নিবাস) প্রকল্পের সিডিউল বিক্রয়ের শেষ দিন। এছাড়াও আগামী ৩০/০৩/২০২২ ইং তারিখে এইচ.বি.বি করণ ০১ কিঃমিঃ প্রকল্পের সিডিউল বিক্রয় ও দরপত্র দাখিলের শেষ দিন। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে, তেমন কোন সমস্যা নেই | | |
| উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হরিপুর |
| পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, আমার অফিসের রুমের স্বল্পতা রয়েছে এবং দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| বরেন্দ্র দপ্তর | সহকারী প্রকৌশলী, বিএমডিএ এর প্রতিনিধি সভায় অনুপস্থিত। | আগামী সভায় দাপ্তরিক কার্যক্রমের প্রতিবেদনসহ উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রকৌশলী , বিএমডিএ, হরিপুর। |
| পল্লী দারিদ্র বিমোচন ফাঃ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পঃদাঃবিঃ ফাঃ কর্মকর্তা, হরিপুর |
| বন বিভাগ | ফরেস্টার, সদর নার্সারী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার, সদর নার্সারী, হরিপুর। |
| সেটেলমেন্ট বিভাগ | সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা/কর্মকর্তার প্রতিনিধি সভায় অনুপস্থিত। | আগামী সভায় দাপ্তরিক কার্যক্রমের প্রতিবেদনসহ উপস্থিত থাকতে হবে। | সহকারী সেটেলমেন্ট অফিসার, হরিপুর |
| তথ্য আপা | উপজেলা তথ্য আপা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, হরিপুর |
| ১নং গেদুড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউপি সভায় জানান, তাঁর ইউনিয়নের অনেক রাস্তা এখনো কাচাবস্থায় রয়েছে। যার প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করছি। তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউপি, হরিপুর। |
| ২নং আমগাঁও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি সভায় জানান, তাঁর ইউনিয়নের অনেক রাস্তা এখনো কাচাবস্থায় রয়েছে। যা পাকা করণ করা প্রয়োজন। এছাড়া যাদুরাণী হতে ধীরগঞ্জের রাস্তার বিভিন্ন বনজ ও ফলজ গাছ নিলাম দেয়া হয়েছে। যার ইউপি অংশ এখনো পাওয়া যায়নি। তিনি আরও জানান যে,তাঁর ইউপি কমপ্লেক্স ভবন এ উপজেলার অতি পুরাতন ভবন। গত দায়িত্বে ইউপি ভবনের কোন মেরামত করা হয়নি। দ্রুত মেরামতের জন্য সভাপতি এবং উপজেলা প্রকৌশলী মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষন করছি। | আমগাঁও ইউনিয়নের বিভিন্ন আধাপাকা রাস্তা নির্মাণের প্রস্তাব দেয়া হয়েছে। আমগাঁও ইউনিয়ন কমপ্লেক্স ভবন মেরামতের প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রস্তাব উপজেলা প্রকৌশলী প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর।<br>৪। চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি, হরিপুর। |
| ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৩ নং বকুয়া ইউপি জানান, তাঁর ইউনিয়নের অনেক রাস্তা এখনো কাচাবস্থায় রয়েছে। এছাড়া চাপধা, রুহিয়া ও মানিকখাড়ি এলাকা মানুষ জনের চলাচলের ০১টি রাস্তা হলো ঠাকিঠুকির রাস্তা। যার সংযোগ স্থলে ০২টি ছোট কালভার্ট রয়েছে। কালভার্ট ০২টি আসন্ন বর্ষায় ভেঙ্গে যেতে পারে। অতি দ্রুত সময়ের মধ্যে উক্ত স্থানে ০১টি ব্রীজ নির্মাণ করা দ্রুত প্রয়োজন। এছাড়া তাঁর ইউপির সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রকৌশলী ৩ নং বকুয়া ইউনিয়নের বিভিন্ন আধাপাকা রাস্তা নির্মাণের প্রস্তাব এবং ঠাকিঠুকি ব্রীজ নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া, দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর।<br>৪। চেয়ারম্যান, ৩ নং বকুয়া ইউপি, হরিপুর। |
| ৪ নং ডাঙ্গীপাড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি জানান, তাঁর ইউনিয়নের অনেক রাস্তা এখনো কাচাবস্থায় রয়েছে। যেমন- ১। শিহিপুর থেকে হলদীবাড়ী পর্যন্ত ২। চৌরঙ্গী বাজার থেকে মালিপাড়া পর্যন্ত, ৩। বীরগড় পাকা রাস্তা থেকে ডাঙ্গীপাড়া শীতলপুর পর্যন্ত, ৪। বাঁকাডাঙ্গী থেকে কামাত পর্যন্ত, ৫। রহমতপুর বটতলা থেকে দহগা পর্যন্ত রাস্তা পাকাকরণ করা দ্রুত প্রয়োজন। এছাড়া অত্র ইউনিয়ন কৃষি নির্ভরশীল। যার কয়েক হাজার হেক্টর জমা-জমি পানিতে নিমজ্জিত থাকে। যার দরূন রক্ষা পেতে হলে দ্রুত কামারপুকুর হয়ে পতনডোবা হয়ে মহেন্দ্রগাও হয়ে দামোল বিল হয়ে | উপজেলা প্রকৌশলী ৪ নং ডাঙ্গীপাড়া ইউনিয়নের বিভিন্ন আধাপাকা রাস্তা নির্মাণের প্রস্তাব এবং ক্যানাল খননের প্রস্তাব প্রস্তুতপূর্বক প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া, দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর।<br>৪। চেয়ারম্যান, ৪ নং |

| | | | |
|---|---|---|---|
| | খোলড়া বিল পর্যন্ত ক্যানাল খনন করা প্রয়োজন। এ বিষয়ে দ্রুত সমাধানের জন্য সভাপতি এবং উপজেলা প্রকৌশলী মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষন করছি। তাঁর ইউনিয়ন সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | ডাঙ্গীপাড়া ইউপি, হরিপুর। |
| ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৫ নং হরিপুর ইউপি জানান, তাঁর ইউনিয়নের অনেক রাস্তা এখনো কাচাবস্থায় রয়েছে। যার প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করছি। এছাড়া তাঁর ইউনিয়ন সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ৫ নং হরিপুর ইউপি |
| ৬ নং ভাতুরিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি জানান, তাঁর ইউনিয়নের অনেক রাস্তা এখনো কাচাবস্থায় রয়েছে। যার প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করছি। এছাড়া তাঁর ইউনিয়ন সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি |
| মহিলা ভাইস-চেয়ারম্যান | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য জানান যে, অত্র উপজেলা পরিষদে সন্ধ্যার পর পরই কোন মানুষজন থাকে না । এমতাবস্থায়, বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প দিয়ে উপজেলা পরিষদের পরিবেশগত উন্নয়ন ঘটানো বিষয়ে অনুরোধ জানান। এছাড়াও অত্র উপজেলায় বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড তুলে ধরে কৃতজ্ঞতা প্রকাশ করেন। | উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর |
| ভাইস-চেয়ারম্যান | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানিয়ে অত্র উপজেলায় বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের আলোকপাত করেন। | উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর |

০৩। বিবিধঃ

(ক) আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান, মার্চ, ২০২২ মাসে উপজেলা পরিষদে ব্যবহৃত সিসি ক্যামরার ইন্টারনেট ব্যয় বাবদ ৩৫০০/-(তিন হাজার পাঁচশত টাকা মাত্র), মার্চ, ২০২২ মাসে উপজেলা পরিষদ বিভিন্ন আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/-(পাঁচ হাজার টাকা মাত্র) এবং মার্চ, ২০২২ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) টাকা যার সর্বমোট ব্যয় ৩৮৫০০/-(অটত্রিশ হাজার পাঁচশত টাকা মাত্র) টাকা ব্যয় নির্বাহের জন্য উত্তোলন করা হয়েছে। যা অদ্যকার সভায় তা অনুমোদন হওয়া প্রয়োজন। বিস্তারিত আলোচনায় বর্ণিত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| মার্চ, ২০২২ মাসের উপজেলা পরিষদের ইন্টারনেট ব্যয়, আনুষঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বাবদ মোট সর্বমোট ব্যয় ৩৮,৫০০/-(আটত্রিশ হাজার পাঁচশত টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

(খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হরিপুর উপজেলা চেয়ারম্যান মহোদয়ের মাধ্যমে সভায় জানান, ৫০ তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসার ক্রীড়া অনুষ্ঠানের ব্যয় নির্বাহের জন্য ৫০,০০০/-(পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকার প্রয়োজন। এ ব্যয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। যা অত্যন্ত অপ্রতুল। আলোচনায় উপস্থিত সকল সদস্য সহমত পোষণ করে বলেন ৫০ তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসার ক্রীড়া অনুষ্ঠানের ব্যয় নির্বাহের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হরিপুর-এর আবেদনের প্রেক্ষিতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় বিল দেয়া যেতে পারে। ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ যোগ্য এবং অত্র সভার অনুমোদন আবশ্যক।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| ৫০ তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসার ক্রীড়া অনুষ্ঠানের ব্যয় নির্বাহের জন্য ৫০,০০০/-(পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,হরিপুর |

(গ) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সভায় আরও জানান, চলতি ২০২১-২২ অর্থ বছরে অত্র উপজেলা পরিষদ অফিস মেইন মিটার এবং পানির পাম্প হাউস বৈদ্যুতিক মিটারের জুলাই-২০২১ হতে জানুয়ারি-২০২২ মাস পর্যন্ত ০৭ (সাত) মাসের বিদ্যুৎ বিল সহকারি জেনারেল ম্যানেজার, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি অত্রাফিসে দাখিল করেছেন। উপজেলা পরিষদ অফিস মেইন মিটার ও পাম্প হাউস মিটারের জুলাই-২০২১ হতে জানুয়ারি-২০২২ মাস পর্যন্ত ০৭ (সাত) মাসের বিদ্যুৎ বিলের বিবরণ নিম্নরুপ-

১) উপজেলা পরিষদ অফিস মেইন মিটার (হিসাব নং ৬১২/১০১০) বিলের বিবরণ-

| | |
|---|---|
| ১। জুলাই, ২০২১ মাসের বিদ্যুৎ বিল | - ৬০,৮৯৯/- |
| ২। আগষ্ট, ২০২১ মাসের বিদ্যুৎ বিল | - ৬৮,৫৭৭/ |
| ৩। সেপ্টেম্বর, ২০২১ মাসের বিদ্যুৎ বিল | - ৮১,৫৮৮/- |
| ৪। অক্টোবর, ২০২১ মাসের বিদ্যুৎ বিল | - ৪৮,০২৯/- |
| ৫। নভেম্বর, ২০২১ মাসের বিদ্যুৎ বিল | - ৪৭,০৭৬/- |
| ৬। ডিসেম্বর, ২০২১ মাসের বিদ্যুৎ বিল | - ৮৬,৮৬৫/- |
| ৭। জানুয়ারি, ২০২২ মাসের বিদ্যুৎ বিল | - ১,৬৯,২১০/- |
| সর্বমোট | = ৫,৬২,২৪৪/- |

(পাঁচ লক্ষ বাষট্টি হাজার দুইশত চুয়াল্লিশ টাকা মাত্র)

২) পানির পাম্প হাউজ মিটার (হিসাব নং ৬১২/৮০০০) বিদ্যুৎ বিলের বিবরণ-

| | |
|---|---|
| ১। জুলাই, ২০২১ মাসের বিদ্যুৎ বিল | - ১১,৬২৪/- |
| ২। আগষ্ট, ২০২১ মাসের বিদ্যুৎ বিল | - ১৩,৪৩৫/- |
| ৩। সেপ্টেম্বর, ২০২১ মাসের বিদ্যুৎ বিল | - ১৫,৯৪২/- |
| ৪। অক্টোবর, ২০২১ মাসের বিদ্যুৎ বিল | - ১৩,৭৪৩/- |
| ৫। নভেম্বর, ২০২১ মাসের বিদ্যুৎ বিল | - ১২,৩১২/- |
| ৬। ডিসেম্বর, ২০২১ মাসের বিদ্যুৎ বিল | - ১৪,৩৫৭/- |
| ৭। জানুয়ারি, ২০২২ মাসের বিদ্যুৎ বিল | - ১৩,৮৩১/- |
| সর্বমোট | = ৯৫,২৪৪/- |

(পচানব্বই হাজার দুইশত চুয়াল্লিশ টাকা মাত্র)

উক্ত উপজেলা পরিষদ অফিস মেইন মিটারের মোট বিদ্যুৎ বিল বাবদ ৫,৬২,২৪৪/- (পাঁচ লক্ষ বাষট্টি হাজার দুইশত চুয়াল্লিশ টাকা মাত্র) ও পাম্প হাউস মিটারের বিদ্যুৎ বিল বাবদ ৯৫,২৪৪/- (পচানব্বই হাজার দুইশত চুয়াল্লিশ টাকা মাত্র) টাকার বিদ্যুৎ বিল পরিশোধ যোগ্য এবং অত্র সভার অনুমোদন আবশ্যক।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| প্রস্তাবিত উপজেলা পরিষদ অফিস মেইন মিটারের মোট বিদ্যুৎ বিল বাবদ ৫,৬২,২৪৪/- (পাঁচ লক্ষ বাষট্টি হাজার দুইশত চুয়াল্লিশ টাকা মাত্র) ও পাম্প হাউস মিটারের বিদ্যুৎ বিল বাবদ ৯৫,২৪৪/- (পচানব্বই হাজার দুইশত চুয়াল্লিশ টাকা মাত্র) টাকার বিদ্যুৎ বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত ব্যয় পরিশোধ করা হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

(ঘ) আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার গত ০৮মার্চ,২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৯৩.২২-১৪৬ নং স্মারকপত্রে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য চলতি ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/-(এক লক্ষ টাকা মাত্র) টাকা ব্যয়ের প্রশাসনিক নির্দেশনা পাওয়া গেছে। নির্দেশনা মতে, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ এর ব্যয় নির্বাহের নিমিত্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে সমুদয় অর্থ প্রদানের জন্য অত্র সভার উপস্থাপন করা হলো।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ এর ব্যয় নির্বাহের জন্য ১,০০,০০০/-(এক লক্ষ টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

(ঙ) আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান, অত্র উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সাব-মারসিবল পানির পাম্প ক্রয়/মেরামত বাবদ মজুরীসহ মোট ২৪,৯৯০/-(চব্বিশ হাজার নয়শত নব্বই টাকা মাত্র) টাকার ব্যয় বিল আবেদনসহ জনাব মোঃ মোসারফ হোসেন, মেকানিক্স, হরিপুর বিল দাখিল করেছেন। এ ব্যয় বিষয়ে বিস্তারিত আলোচনায় উপস্থিত সকলে বলেন দীর্ঘ কয়েক সপ্তাহ যাবৎ সাব-মারসিবল পানির পাম্প মেসিন বিকল থাকায় পরিষদ ভবনে পানির কষ্টের অন্তনাই। জনস্বার্থে এ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ যোগ্য।

প্রস্তাবিত সকল ব্যয় বিষয়ে বিশদ আলোচনায় হয়। আলোচনায় উক্ত ব্যয় যথার্থ হওয়ায় তা পরিশোধ দেয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সাব-মারসিবল পানির পাম্প ক্রয়/মেরামত বাবদ মোট ২৪,৯৯০/-(চব্বিশ হাজার নয়শত নব্বই টাকা মাত্র) টাকার ব্যয় বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

(চ) আলোচনায় জনাব প্রভাত চন্দ্র শর্মা, প্রশাসনিক কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে সভায় আরও জানান, অত্র উপজেলার ১৪২৯ সনের হাট-বাজার ইজারা দরপত্র ও আনুষঙ্গিক ব্যয় বাবদ মোট ৮৪,৭৫০/-(চুরাশি হাজার সাতশত পঞ্চাশ টাকা মাত্র) টাকার ব্যয় হয়েছে। যা অদ্যকার সভায় তা অনুমোদন হওয়া প্রয়োজন।

প্রস্তাবিত সকল ব্যয় বিষয়ে বিশদ আলোচনায় হয়। আলোচনায় উক্ত ব্যয় যথার্থ হওয়ায় তা পরিশোধ দেয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| ১৪২৯ সনের হাট-বাজার ইজারা দরপত্র ও আনুষঙ্গিক ব্যয় বাবদ মজুরীসহ মোট ৮৪,৭৫০/-(চুরাশি হাজার সাতশত পঞ্চাশ টাকা মাত্র) টাকার ব্যয় বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/০৩/২২

সভাপতি
মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হরিপুর, ঠাকুরগাঁও।

স্মারক নং ঃ ০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০০৩.২১-১৬৯(৫০) তারিখঃ ২১-০৩-২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল-

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২ ।
০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৬। উপজেলা..........................................কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও।

২১/৩/২২

মোঃ আব্দুল করিম
উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও